গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১৬

**বিষয়: স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সারা দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/মাদ্রাসায়/সমামান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার ২০২৩-২৪ অর্থবছরের অনলাইন আবেদন আহবান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সারা দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজ/মাদ্রাসায়/সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদান করা হবে।

২। অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে ২০২৩-২৪ অর্থবছরে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে https://www.eservice.pmeat.gov.bd/admission -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ওয়েবসাইটের ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত, সে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ করে আবেদন করতে হবে।

৪। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করবেন। এছাড়া, অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুই লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৫। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গণ পরিবারের সন্তান, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানগণ ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তি'র স্বপক্ষে প্রমানপত্র সংযুক্ত করতে হবে।

৬। স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদেরশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের সাথে সর্বশেষ যে শ্রেণি বা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তার সত্যায়িত নম্বরপত্র সংযুক্ত করতে হবে।

৭। বর্ণিতাবস্থায়, স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদেরশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের ক্ষেত্রে ই-ভর্তি সহায়তার ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক https://www.eservice.pmeat.gov.bd/admission -এ লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজ-পত্র আপলোড করে **০৭/৮/২০২৩ থেকে ০৭/৯/২০২৩** খ্রি: তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০।

০১-০৮-২০২৩
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (অধীনস্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি'টি অবহিত করার অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১৬/১ (১৩)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল জেলা প্রশাসক;

২। সকল কর্মকর্তা, পিএমইএটি/এইচএসপি, ধানমন্ডি, ঢাকা;

৩। পরিচালক, আইসিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৪। জেলা, শিক্ষা অফিসার (সকল);

৫। সকল উপজেলা নির্বাহী অফিসার;

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৮। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৯। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

১০। প্রোগ্রামার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

১২। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং

১৩। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

০১-০৮-২০২৩
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ভর্তি সহায়তা নির্দেশিকা-২০২০

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
## হাটহাজারী, চট্টগ্রাম।

www.seo.hathazari.chittagong.gov.bd

স্মারক নং-৩৭.০২.১৫৬১.১০১.০৫১৬.২৩-২১১(৮৮)

তারিখঃ ০১/০৮/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

২। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।

৩। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।

৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..................................................কলেজ/স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মদ্রাসা হাটহাজারী, চট্টগ্রাম।
উপরোক্ত পত্রের মর্মানুসারে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

৫। অফিস কপি।

(মোঃ মাইনুদ্দিন মজুমদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম ।
Email: useohathazari@gmail.com